

সকল সদস্যগণের জন্য

করোনার দ্বিতীয় ঢেউয়ের প্রেক্ষিতে কারখানা খোলা রাখার বিষয়ে বিজিএমইএ-র পরামর্শ

সম্মানিত সদস্য বৃন্দ,

আপনাদের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনার প্রথম ঢেউ সামলে উঠতেই দ্বিতীয় ঢেউ শুরু হয়েছে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় তৈরি পোশাক শিল্পে সংক্রমণের মাত্রা ছিল খুবই সামান্য অর্থাৎ ০.০৩%। সকল কারখানায় স্বাস্থ্য সুরক্ষা গাইডলাইন যথাযথভাবে অনুসরণ করায় সংক্রমণ নিয়ন্ত্রণে রাখা সম্ভব হয়েছিল। আশা করা যায় যে, করোনার প্রথম ঢেউয়ের অভিজ্ঞতা কাজে লাগিয়ে দ্বিতীয় ঢেউও নিয়ন্ত্রণে রাখা সম্ভব হতে পারে, ইনশাআল্লাহ।

কারখানা খোলা ও ছুটির সময়ে গেটে বা কারখানার অভ্যন্তরে শ্রমিকদের ভিড় এড়ানোর লক্ষ্যে কারখানায় প্রবেশ ও কারখানা ত্যাগ করার বিষয়ে Staggered time নির্ধারণ করার উপর জোড় দেয়ার জন্য অনুরোধ করা হলো।

শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করে কারখানা খোলা রাখার ব্যাপারে বিজিএমইএ-র পরামর্শ বা ফ্যাক্টরি ওপেনিং প্রটোকল বাস্তবায়নের জন্য প্রেরণ করা হলো।

কারখানা খোলা রাখা সম্পর্কে বিজিএমইএ-র পরামর্শ বা Factory Opening Protocol বিজিএমইএ-র ওয়েবসাইটেও পাওয়া যাবে।

ধন্যবাদান্তে



কমডোর মোহাম্মদ আবদুর রাজ্জাক (অবঃ)
সচিব

সংযুক্তিঃ

১। কারখানা খোলা রাখার বিষয়ে বিজিএমইএ-র পরামর্শ ১৭ পাতা